সংলগ্নী-০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
ট্রেজারী ব্যবস্থাপনা অধিশাখা।

নং-অম/অবি/ডিএসএল-২/০৬/১২৪(২৮)/৩৮৫ তারিখঃ ০৯.০৩.০৯ খ্রিঃ।

বিষয় ঃ সংস্থাভিত্তিক ডিএসএল হিসাবে Reconciliation প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত ০৯/০২/০৯, ২৩/০২/০৯ এবং ২৫/০২/০৯ তারিখে ডিএসএল পরিশোধ বিষয়ে ঋণ গ্রহণকারী সংস্থাসমূহের সাথে অর্থ বিভাগের পৃথক তিনটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে কোন কোন সংস্থা তাদের ডিএসএল হিসারেব আসল ও সুদের পরিমাণ নিয়ে দ্বি-মত পোষণ করে। তৎপ্রেক্ষিতে সভার সভাপতি (অতিরিক্ত সচিব, ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা) মহোদয় সংস্থাসমূহের সাথে আলোচনান্তে ডিএসএল হিসাব reconciliation-এর মাধ্যমে সকল অসঙ্গতি দুর করার নির্দেশ প্রদান করেন। এ প্রসংগে উল্লেখ্য যে, সংস্থাসমূহ কর্তৃক প্রদত্ত তথ্যাবলীর ভিত্তিতে ২০০৭-০৮ অর্থ বছর পর্যন্ত ডিএসএল হিসাব বিবরণী ও নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশিকায় 'অবতরণিকা'য় বলা হয়েছে যে, প্রণীত হিসাবসমূহ প্রয়োজনীয় তথ্য উপাত্ত প্রদানপূর্বক সংশোধন করতে পারবে।

এমতাবস্থায়, আগামী ৩১/০৩/২০০৯ তারিখের মধ্যে ডিএসএল অধিশাখায় প্রতিনিধি প্রেরণের মাধ্যমে ডিএসএল হিসাব reconciliation-এর লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংস্থাসমূহকে নির্দেশক্রমে পুনঃঅনুরোধ জানানো হ'ল।

স্বাঃ
(নাসরিন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ডিএসএল শাখা
ফোন ঃ ৭১৬৭১০৫

প্রাপক ঃ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান।